যুগান্তর
বুধবার ১২ সেপ্টেম্বর ২০০৭

তারিখ 12 SEP 2007
পৃষ্ঠা কলাম

# শিক্ষক প্রশিক্ষণের জন্য আইসিটি সেন্টার উদ্বোধন

যুগান্তর রিপোর্ট

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোতে (ব্যানবেইস) স্কুল-কলেজ-মাদ্রাসার শিক্ষকদের জন্য আইসিটি ট্রেনিং সেন্টার প্রতিষ্ঠিত হয়েছে। 'বাংলাদেশ-কোরিয়া আইসিটি ট্রেনিং সেন্টার ফর এডুকেশন' (বিকেআইসিটিই) শীর্ষক এ সেন্টার উদ্বোধন উপলক্ষে মঙ্গলবার এক অনুষ্ঠানে বক্তারা বলেছেন, কম্পিউটার এবং তথ্যপ্রযুক্তি (আইসিটি) মানবজীবনের অপরিহার্য উপকরণে পরিণত হয়েছে। বাংলাদেশে এখন পর্যন্ত বিজ্ঞানের এ দুটি উপহারকে 'যন্ত্রপাতি' হিসেবে দেখা হচ্ছে। তারা অনাগত প্রজন্মকে বিজ্ঞানের ওপর প্রভুত্বকারী প্রজন্ম হিসেবে দেখার প্রত্যাশা ব্যক্ত করে বলেন, ছাত্রছাত্রীরাই সে কাঙ্ক্ষিত লক্ষ্যে জাতিকে পৌঁছাবে। আর স্কুল-কলেজ-মাদ্রাসার শিক্ষার্থীদের যথার্থভাবে এই জ্ঞানে আলোকিত করতে শিক্ষকদের প্রশিক্ষণ দেয়া জরুরি। নবপ্রতিষ্ঠিত সেন্টার সে প্রত্যাশা পূরণে সক্ষম হবে।

ব্যানবেইসের পরিচালক আহসান আবদুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব এম মোশাররফ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত কোরীয় রাষ্ট্রদূত মি. পার্ক সুক বাম। এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আশরাফুল মকবুল, ব্যানবেইসের সিস্টেম ম্যানেজার মোফাজ্জেল হোসাইন বক্তৃতা করেন।

কোরিয়া সরকারের সহায়তায় নবপ্রতিষ্ঠিত সেন্টারে ৫টি ল্যাব রয়েছে। কম্পিউটার ও আইসিটি বিষয়ক প্রশিক্ষণের অত্যাধুনিক সব ধরনের অবকাঠামোগত সুবিধা রয়েছে এতে। আগামী নভেম্বরে প্রথম ব্যাচের প্রশিক্ষণ শুরু হবে বলে অনুষ্ঠানে সিস্টেম ম্যানেজার জানান।